

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধান প্রকৌশলীর কার্যালয়

গণপূর্ত অধিদপ্তর

পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

ফোন-০২-৯৫৬২৭৯৫, ফ্যাক্স-৮৮-০২-৯৫৬২৯১৩

Visit <http://www.pwd.gov.bd>

স্মারক নং-২৫.৩৬.০০০০.২২০.২০.০৬২.১৮/১২৪(৩) বি-১

তারিখঃ ২০/০৭/১৪ ২৫/০৭/১৪

বরাবর

তত্ত্বাবধায়ক প্রকৌশলী

খুলনা গণপূর্ত সার্কেল-খুলনা/ রংপুর/ বগুড়া।

বিষয়ঃ- শ্রম অধিদপ্তরাদীন ০৬টি অফিস পুনর্নির্মাণ ও আধুনিকরণ শীর্ষক প্রকল্পের আওতায় শ্রম কল্যাণ কেন্দ্র-রূপসা খুলনা, গাইবান্ধা, বগুড়া ও মংলা-বাগেরহাট এর ভবন নির্মাণ কাজের জন্য অর্থ বরাদ্দ।

উপর্যুক্ত বিষয়ে বর্ণিত প্রকল্পের নির্মাণ কাজে চলতি ২০১৮-২০১৯ আর্থিক সালে খরচ করার জন্য মোট=৪৫০.০০ লক্ষ (চার কোটি পঞ্চাশ লক্ষ) টাকা মাত্র নিম্নোক্ত ভাবে বরাদ্দ করা হলোঃ

ক্রমিক	শ্রম কল্যাণ কেন্দ্রের নাম	টাকার পরিমাণ	গণপূর্ত সার্কেলের নাম	গণপূর্ত বিভাগের নাম
০১	রূপসা-খুলনা	১০০.০০ লক্ষ	খুলনা	খুলনা-২
০২	গাইবান্ধা	২০০.০০ লক্ষ	রংপুর	গাইবান্ধা
০৩	বগুড়া	১০০.০০ লক্ষ	বগুড়া	বগুড়া
০৪	মংলা-বাগেরহাট	৫০.০০ লক্ষ	খুলনা	বাগেরহাট
--	মোট=	৪৫০.০০ লক্ষ	--	--

উক্ত খরচ প্রকল্প পরিচালক, শ্রম অধিদপ্তরাদীন ০৬টি অফিস পুনর্নির্মাণ ও আধুনিকরণ শীর্ষক প্রকল্প, শ্রম অধিদপ্তর, ৪নং রাজউক এভিনিউ, ঢাকার স্মারক নং/৪৪, নং/৪৫, নং/৪৬ ও নং/৪৮ তারিখ-১২/১২/২০১৮খ্রিঃ এর মাধ্যমে প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকার নিকট ন্যস্তকৃত মোট=৪৫০.০০ লক্ষ টাকা হিসাবের কোড নম্বর-১৩১০২-২২৪১১৩৬০০-৪১১১২০১ খাতের ২০১৮-২০১৯ আর্থিক সালের বাজেট বরাদ্দ হতে সংকুলান/ বহন করতে হবে। উক্ত অর্থ প্রাপ্তির সাথে সাথে অর্থ প্রাপ্তির স্বীকৃতি প্রদান করতে হবে।

উক্ত অর্থ সকল প্রকার আর্থিক বিধি-বিধান, নিয়মাচার ও আনুষ্ঠানিকতা পর্যবেক্ষণ/ পালন পূর্বক খরচ করার নিমিত্তে সংশ্লিষ্ট গণপূর্ত বিভাগের নির্বাহী প্রকৌশলীগণের নিকট পুনঃবরাদ্দ প্রদান করে এ অধিদপ্তরকে অবহিত করতে অনুরোধ করা যাচ্ছে। উক্ত অর্থ খরচ করার পূর্বে নিম্নোক্ত শর্তসমূহ অনুসরণ করতে হবেঃ

- ১) প্রত্যাশি সংস্থার সহিত যোগাযোগ পূর্বক অনুমোদিত প্রকল্পের অনুযায়ী কাজ সম্পাদন করতে হবে।
- ২) কাজ স্বাক্ষরভাবে সম্পাদন করা হয়েছে মর্মে প্রত্যাশি সংস্থার নিকট হতে প্রত্যয়ন পত্র প্রাপ্তির পর চূড়ান্ত বিল পরিশোধ যোগ্য।
- ৩) বরাদ্দকৃত অর্থ চলতি অর্থ বছরে খরচ করতে হবে এক খরচের হিসাব প্রত্যাশি সংস্থার/এ অধিদপ্তরের নিকট প্রেরণ করতে হবে।
- ৪) বরাদ্দকৃত অর্থ খরচের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম উদ্ঘাটিত হলে বিল পরিশোধকারী দায়ী থাকবে।
- ৫) মহাপরিচালক, শ্রম অধিদপ্তর এর পূর্বানুমতি ব্যতিরিক্ত প্রকল্পের সমস্ত ক্রয় এবং ভেরিমেশন অনুমোদন করা যাবে না।
- ৬) কোন কারণে কিছির অর্থ ব্যয় করতে না পারলে ১৫দিন পূর্বে মহাপরিচালক, শ্রম অধিদপ্তর এবং প্রকল্প পরিচালককে অবগত করতে হবে।
- ৭) প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত অর্থ অন্য কোন প্রকল্পে স্থানান্তর করা যাবে না।
- ৮) বরাদ্দকৃত অর্থ কোন ক্রমেই তামাদি করা যাবে না। অর্থ তামাদি হলে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী/ ইউনিট প্রধান দায়ী থাকবে।
- ৯) প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত অর্থ উদ্ধৃত হলে তা অন্য কোন প্রকল্পে ব্যয় না করে প্রকল্প পরিচালক, শ্রম ভবন নির্মাণ প্রকল্পে সমর্পণ করতে হবে।
- ১০) প্রকল্পের ব্যয় কাজের অগ্রগতির বিবরণ প্রতি ১৫ (পনের) দিন অন্তর মহাপরিচালক, শ্রম অধিদপ্তর এবং প্রকল্প পরিচালকের নিকট প্রেরণ করতে হবে।

(আশেক আহমেদ শিবলী)

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)

গণপূর্ত অধিদপ্তর, ঢাকা

ফোন-৯৫৬২৭৯৫

তারিখঃ ২০/০৭/১৪ ২৫/০৭/১৪

স্মারক নং-২৫.৩৬.০০০০.২২০.২০.০৬২.১৮/১২৪(৩) বি-১

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার এমআইএস নম্ব)-

- ০১। হিসাব মহা-নিয়ন্ত্রক, সচিবালয় ভবন, ৩য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।
- ০২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওস)/ (পঃওবিঃপ্রঃ), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ০৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন-খুলনা/ রংপুর/ রাজশাহী।
- ০৪। মহা-পরিচালক, পূর্ত অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)/ (মনিটরিং এন্ড অডিট)/ (পেশু), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ০৬। প্রকল্প পরিচালক, শ্রম অধিদপ্তরাদীন ০৬টি অফিস পুনর্নির্মাণ ও আধুনিকরণ শীর্ষক প্রকল্প, শ্রম অধিদপ্তর, ৪নং রাজউক এভিনিউ, ঢাকা। ইহা উপরোক্ত তাঁর স্মারক ও তারিখের বরাতে।
- ০৭। নির্বাহী প্রকৌশলী, খুলনা গণপূর্ত বিভাগ-২, খুলনা/ গাইবান্ধা/ বগুড়া/ বাগেরহাট।
- ০৮। প্রধান প্রকৌশলী মহোদয়ের স্টাফ অফিসার (নিঃপ্রঃ), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ০৯। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত এম আই এস (ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম) বিভাগ-২, ঢাকা।
- ১০। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক-খুলনা।
- ১১। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ২য় ১২তলা সরকারি অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ১২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ১৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ১৪। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা-গাইবান্ধা/ বগুড়া/ বাগেরহাট।
- ১৫। গার্ড ফাইল, হিসাব শাখা-১/ হিসাবসেবা, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

(আশেক আহমেদ শিবলী)

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)

গণপূর্ত অধিদপ্তর, ঢাকা

ফোন-৯৫৬২৭৯৫

তারিখঃ ২০/০৭/১৪ ২৫/০৭/১৪